



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২৩/১৫৬০

১৭ মার্চ ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে জাতির পিতার ১০৩ তম
জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে আজ শুক্রবার (১৭ মার্চ ২০২৩) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২৩ উদযাপিত হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও ড্রেজারার অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

সকাল ৯.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে সম্মিলিত কর্তৃপক্ষ জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। কর্মসূচিসমূহের মধ্যে উল্লেখযোগ্য ছিল- আনন্দ শোভাযাত্রা, জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, গার্ড অফ অনার প্রদান, শিশুদের নিয়ে কেক কাটা, আলোচনা সভা ও মিলাদ মাহফিল।

এদিন সকালে জাতির পিতার ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলমের নেতৃত্বে একটি আনন্দ শোভাযাত্রা নোবিপ্রবি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ হয়। প্রথমে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও উপ-উপাচার্য। পরে বিভিন্ন ইনস্টিটিউট, বিভাগ, হল, নোবিপ্রবি শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, কর্মচারীবৃন্দ এবং নোবিপ্রবির বিভিন্ন সংগঠনের পক্ষ হতে জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর শিশুদের নিয়ে কেক কাটা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, 'বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না। বিশ্ব মানচিত্রে একটি নতুন দেশের জন্ম দেওয়া বাঙালি জাতির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরেই ১৯৭১ সালে আসে বাংলাদেশের স্বাধীনতা। আনন্দঘন এই দিনে জাতির পিতার প্রতি জানাই বিনম্র শ্রদ্ধা। জন্মদিনে এই মহান নেতার আত্মার মাগফেরাত কামনা করছি এবং একই সাথে স্বাধীনতা সংগ্রামের সকল বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।'

ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ও নোবিপ্রবি শিক্ষক সমিতির সহ-সভাপতি জনাব বিপ্লব মল্লিকের সঞ্চালনায় এবং নোবিপ্রবির উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নোবিপ্রবির ড্রেজারার ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এস মাহবুবুর রহমান, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব সাখাওয়াত হোসেন।

সভাপতির বক্তব্যে নোবিপ্রবির উপ-উপাচার্য ও জাতীয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। এসময় তিনি জাতির পিতার জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-২০২৩ উদযাপনের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবির বিভিন্ন অনুষদসমূহের ডিন, ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। পরে জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়।

R. M. M. M.

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

